দূরভাষ : ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স : ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

## মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা

## কোলকাতা : ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং -  তারিখঃ

# সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ৬৪ | সময়ঃ বেলা ৩.৩০ টা

তাং - ৩০।০৬।২০২৫ | স্থানঃ পৌরসভা সভাকক্ষ

**আলোচ্য বিষয়ঃ**

(১) বিগত সভার (৬৩নং) কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন।

(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৫) নামজারিকরনের অনুমোদন।

(৬) বিবিধ।

**উপস্থিতিঃ**

* পৌরপ্রধানঃ শ্রী নিমাই ঘোষ
* উপপৌরপ্রধানঃ শ্রী প্রকাশ রাহা

**অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ**

| | | |
|---|---|---|
| মহঃ নজরুল ইসলাম | শ্রী সুশান্ত রায় | শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক |
| মাসতুরা সাহানি | শ্রী কিশোর কুমার রায় | শ্রী সুকুমার মন্ডল |
| মহঃ জুম্মান আলী | শ্রীমতী রাধারানী দত্ত | শ্রীমতী পিঙ্কি ঘোষ |
| শ্রীমতী মমতা রায় সেন | শ্রীমতী অনিতা মুখার্জী | শ্রীমতী সুতপা ব্যানার্জী |
| শ্রী গোপাল চন্দ্র ঘোষ | শ্রী প্রহ্লাদ কুমার দত্ত | শ্রীমতী অন্তরা মজুমদার |
| শ্রীমতী কনিকা দেবনাথ | শ্রী অলোক সাহা | শ্রী অরুপ কুমার ঘোষ |
| শ্রী পঙ্কজ কান্তি চন্দ | শ্রীমতী বৈশালী ব্যানার্জী | শ্রী অরবিন্দ মিত্র |
| শ্রী সুভাষ ব্যানার্জী | শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত | |
| শ্রীমতী সুমিতা ঘোষ | শ্রী সঞ্জয় মন্ডল | |

অন্যান্য উপস্থিতিঃ শ্রী রাজেন্দ্র নাথ মাহাত- নির্বাহী আধিকারিক
শ্রী প্রসুন ঘোষ - অর্থ আধিকারিক

মধ্যমগ্রাম পৌরসভা উত্তর ২৪পরগনা মধ্যমগ্রাম

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

জিরো আওয়ারে শ্রী অলোক সাহা বলেন বিল্ডিং প্ল্যান অনুমোদন দেওয়ার পর erection এর সময় পৌরসভার পক্ষ থেকে follow up করার ঘাটতি থাকায় অনুমোদিত নক্সার বাহিরে কাজ হচ্ছে। এই প্রবণতা দিন দিন বাড়ছে। তাদের ধারনা হয়েছে revised plan অনুমোদনের সময় fine দিলে অনুমোদন হয়ে যাবে। দপ্তরগত Monitoring যাতে erection এর সময় আরো বাড়ানো যায় তার জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন বিল্ডিং রুল 2007 চালু হওয়ার পর অনুমোদিত নক্সার বাহিরে কোন কাজ হলে তার দায় LBS দের উপর বর্তায়। সন্দেহজনক মনে হলে পৌরপ্রধান বা নির্বাহী আধিকারিককে চিঠি করে জানাবেন। সংশ্লিষ্ট AE অথবা SAE কে তদন্ত করার জন্য পাঠানো হবে। তদন্ত রিপোর্ট অনুযায়ী ব্যবস্হা নেওয়া হবে। LBS রা তাদের দায়িত্ব পালন না করলে প্রয়োজনে তাদের enlistment বাতিল করে দেওয়ার ও পদ্ধতি আছে বলে জানান।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বিগত সভার (৬৩ নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

সভায় উপস্হিত সকল সদস্য কোনপ্রকার আপত্তি বা মতামত না জানানোয় বিগত সভার (৬৩নং) কার্য্যবিবরনী সম্পূর্ন অপরিবর্তিত অবস্হায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় CIC সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় ২০২৫-২৬ সালের ADP -র বরাদ্দ পেশ করেন। প্রত্যেকটি ওয়ার্ডে রাস্তা এবং ড্রেনের কাজে কত টাকা করে বরাদ্দ করা হল তা আলাদাভাবে পেশ করেন। আরো বলেন park এর কাজের জন্য কেন্দ্রীয়ভাবে ২৫ লক্ষ টাকা বরাদ্দ করা হবে।

কাউন্সিলররা তাঁদের ওয়ার্ডের পার্কের যদি কোন কাজ করার থাকে তাহলে লিখিতভাবে জানাবেন। দপ্তরগত পর্যবেক্ষনের পর কোন কোন পার্কের কাজ করা হবে তা ঠিক করা হবে। একটি ওয়ার্ডে কেবলমাত্র একটি পার্কের কাজ করা হবে। ADP র বরাদ্দে যে কাজ করা হবে তা ওয়ার্ড কমিটির সভার অনুমোদন সাপেক্ষে দ্রুত জমা দিতে বলেন। কোন কাজ পরিবর্তন করা বা বাড়তি অনুমোদন দেওয়া যাবে না বলে জানান। কাজের মাপ আগে হবে তারপর estimate করা হবে বলে জানান। HFA 19-20 এবং 21-22 এর অবশিষ্ট টাকায় যে কাজ হবে তা দ্রুত scheme করে জমা দিতে বলেন। আরো বলেন ৬টি Mastic রাস্তার কাজ অনুমোদন পাওয়া গেছে। সেই কাজগুলির tender প্রক্রিয়া দ্রুত শুরু করা হবে।

শ্রীমতী মমতা রায় বলেন যে Contractor - রা গতবার সঠিক কাজ করেনি তারাই যদি কাজ পায় তাহলে বিষয়টা কি ঠিক হবে।

শ্রী অলোক সাহা গতবারের থেকে এবারের ADP - র বরাদ্দ কম কেন তা জানতে চান।আরো বলেন যেখানে promoting হচ্ছে সেখানে Ward Development এর জন্য টাকা জমা নেওয়া হলেও সেই ওয়ার্ডের উন্নয়নে তা বরাদ্দ করা হচ্ছে না। এটা দেখা দরকার বলে জানান।

শ্রী পঙ্কজ কান্তি চন্দ বলেন HFA র হিসাবটা একটু clear করে দিলে সুবিধা হয়।

মাননীয় CIC সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন ADP র বরাদ্দ কম করা হয় নি। ইতিমধ্যেই অনেক কাজ হয়েছে। HFA র হিসাব বুঝতে অসুবিধা হলে দপ্তরে যোগাযোগ করবেন। আধিকারিকরা বলে দেবেন।

মাননীয় উপ-পৌরপ্রধান শ্রী প্রকাশ রাহা মহাশয় বলেন ইতিপূর্বে যেখানে যেখানে Mastic রাস্তা করা হয়েছে তা সঠিক ভাবে হয়নি। ২৩নং ওয়ার্ডের ক্ষেত্রে দেখা উচিত ছিল ।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন ২৩নং ওয়ার্ডে Mastic রাস্তা করার মত কোন রাস্তা নেই। ফলে যেখানে প্রয়োজন সেখানে কাজ হয়েছে।

মাননীয় CIC সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় আরে বলেন ২,৩,৭,৯,৮,২৫ এবং ২৬ এর নীচু অংশে জল জমে। মাননীয় খাদ্য মন্ত্রী শ্রী রথীন ঘোষ মহাশয়ের সহযোগীতায় ৩.৫ কিমি লম্বা একটা ড্রেনের পরিকল্পনা করা হয়েছে। বিষয়টি বাস্তবায়িত হলে ঐ ওয়ার্ডগুলির সমস্যা মিটে যাবে বলে জানান।

সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) ADP 25-26 এর অনুমোদিত বরাদ্দ নিম্নরূপ-

**Annual Development Plan for the year 2025-26 of Public Works Department under Madhyamgram Municipality.**

| Ward No. | DRAIN & Others Capital Repair 15th FC-Tied = ₹ 100.00 Lacs | ROAD & Others Capital Repair 15th FC-Untied = ₹ 200.00 Lacs | Total Road, Drain & others. | Park,Play Ground & others | PWD Reserved Fund (Road, Drain & Others) FUND : 15th FC-Tied / 15th FC-Untied / 5th SFC / Trade Prof & Callings |
|---|---|---|---|---|---|
| | A | B | C=(A+B) | D | E |
| | 10000000 | 20000000 | | | |
| 1 | 447771 | 895542 | 1343313 | | *Construction of Road & others : ₹ 70.00 Lacs. Fund : 5th SFC |
| 2 | 319232 | 638464 | 957696 | | |
| 3 | 319079 | 638158 | 957237 | | |
| 4 | 326421 | 652842 | 979263 | | |
| 5 | 478262 | 956523 | 1434785 | | *Construction of Drain & others : ₹ 50.00 Lacs. Fund : 15th FC-Tied |
| 6 | 334885 | 669770 | 1004655 | | |
| 7 | 507426 | 1014853 | 1522279 | | *Repair HAU, Sub Centre & others : ₹ 20.00 Lacs. Fund : Own |
| 8 | 548675 | 1097350 | 1646025 | | |
| 9 | 304599 | 609197 | 913796 | | |
| 10 | 325350 | 650701 | 976051 | | |
| 11 | 307913 | 615825 | 923738 | | *Repair Hospital & others : ₹ 20.00 Lacs. Fund : Own |
| 12 | 404126 | 808252 | 1212378 | | |
| 13 | 423654 | 847308 | 1270962 | | |
| 14 | 437982 | 875963 | 1313945 | | *Repair of Office Building & others. :₹ 25.00 Lacs. Fund : Own |
| 15 | 275791 | 551581 | 827372 | | *Repair of Auditorium & others. : ₹ 20.00 Lacs. Fund : Own |
| 16 | 331979 | 663958 | 995936 | ₹ 25.00 Lacs. Fund : Own | |
| 17 | 428753 | 857506 | 1286258 | | *Baeautification & others :₹ 10.00 Lacs. Fund : Own |
| 18 | 344981 | 689961 | 1034942 | | |
| 19 | 313878 | 627757 | 941635 | | |
| 20 | 230259 | 460518 | 690777 | | *Disaster Management for Natuaral Calalamities : Rs. 2.00 Lacs.Fund : Municipal Own |
| 21 | 206805 | 413610 | 620414 | | |
| 22 | 331112 | 662224 | 993336 | | |
| 23 | 223988 | 447975 | 671963 | | *Road around Dumping Ground :₹ 87.60 Lacs.Fund : 15th FC-Tied |
| 24 | 366650 | 733300 | 1099951 | | |
| 25 | 407083 | 814166 | 1221249 | | |
| 26 | 390410 | 780821 | 1171231 | | *Shed at Dumping Ground :Rs. 53.72 Lacs.Fund : 15th FC-Tied |
| 27 | 337179 | 674359 | 1011538 | | *CCTV : ₹ 3.00 Lacs.Fund : Own |
| 28 | 325758 | 651517 | 977275 | | |
| TOTAL | 10000000 | 20000000 | 30000000 | 2500000 | 36132000 |

(২) নতুন যে ৬টি Mastic রাস্তার অনুমোদন হয়েছে তার tender প্রক্রিয়া দ্রুত শুরু করা হবে।

(৩) HFA 19 - 20 এবং 21-22 এর অবশিষ্ট টাকায় যে কাজ হবে তা দ্রুত ওয়ার্ড কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে scheme করে জমা দিতে হবে।

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন Green City Mission প্রকল্পে নতুন Light লাগানোর পর পুরনো Light গুলো খুলে store এ পাঠানোর ব্যবস্থা করতে হবে। এ ব্যাপারে কাউন্সিলরদের উদ্যোগ নিতে বলেন। জল দপ্তরের কাজের কয়েকটি e-tender তহবিল সহ অনুমোদনের প্রস্তাব দেন।

শ্রীমতী অন্তরা মজুমদার বলেন যে Light গুলো লাগানোর পর কেটে যাচ্ছে সেগুলো replace হচ্ছে না। Agency বলছে করবো কিন্তু এলাকার নাগরিকরা বুঝতে চাইছে না। তারা দ্রুত replace করে দিতে বলছে।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন Agency র সাথে ৭ বছরের চুক্তি । তারা করে দেবে। Agency কে দ্রুত replace করার কথা বলা হবে।

শ্রীমতী অন্তরা মজুমদার এবং শ্রী অরুপ কুমার ঘোষ বলেন Flat এ পানীয় জলের সংযোগ দেওয়ার ব্যাপারে কোন সিদ্ধান্ত নেওয়া হয়েছে কি ?

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন flat এর CC এবং প্রত্যেকের নামে Tax Mutation করা থাকলে এবং সকলে মিলে আবেদন করলে একটা সংযোগ দেওয়া হবে।

আরো বলেন শিশিরকুঞ্জ আবাসনের পক্ষ থেকে আবাসিকগন আবেদন করেছেন পানীয় জলের সংযোগ দেওয়ার জন্য। তাদের একটা সংযোগ দেওয়া হবে।

(১) সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(i) WBMAD/MM/WS/NIT-01e/2025-26, Sl. No. 1-2 , dt. 21.05.2025,
Fund : 15th F.C. (Tied)

(ii) WBMAD/MM/WS/NIT-02e/2025-26, Sl. No. 1-6 , dt. 27.05.2025,
Fund : 15th F.C. (Tied)

(iii) WBMAD/MM/WS/NIT-03e/2025-26, Sl. No. 1-4 , dt. 27.05.2025,
Fund : 15th F.C. (Tied)

(iv) WBMAD/MM/WS/NIT-04e/2025-26, Sl. No. 1-3 , dt. 27.05.2025, Fund : 15th F.C. (Tied)

(v) WBMAD/MM/WS/NIT-05e/2025-26, Sl. No. 1-3 , dt. 27.05.2025, Fund : 15th F.C. (Tied)

(vi) WBMAD/MM/WS/NIT-06e/2025-26, Sl. No. 1-2 , dt. 27.05.2025, Fund : 15th F.C. (Tied)

(vii) WBMAD/MM/WS/NIT-07e/2025-26, Sl. No. 1-2 , dt. 27.05.2025, Fund : 15th F.C. (Tied)

(viii) WBMAD/MM/WS/NIT-08e/2025-26, Sl. No. 1-2 , dt. 27.05.2025, Fund : 15th F.C. (Tied)

(ix) WBMAD/MM/WS/NIT-0 9e/2025-26, Sl. No. 1 , dt. 27.05.2025, Fund : 15th F.C. (Tied)

(২) শিশিরকুঞ্জ আবাসনের আবাসিকদের গত 18.06.2025 তারিখের আবেদন অনুযায়ী শিশিরকুঞ্জ আবাসনে পানীয় জলের একটি সংযোগ দেওয়া হবে পৌরসভার নিয়মানুযায়ী।

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় CIC সদস্য জনাব নজরুল ইসলাম মহাশয় বলেন SUDA র নির্দেশানুযায়ী ডেঙ্গু প্রতিরোধে পৌরএলাকার অভ্যন্তরের সকল সরকারী প্রতিষ্ঠান পরিষ্কারের কাজ শুরু হবে আগামী ১লা জুলাই হতে। বিগত দিনে অন্যান্য কাজে যেভাবে আপনারা সহযোগিতা করেছেন এবারও আপনারা সেভাবেই সহযোগিতা করবেন। SUDA র নির্দেশানুযায়ী interview board এর সুপারিশের ভিত্তিতে Healh Officer এবং Specialist M.O. পদে নিয়োগের জন্য প্রস্তাব দেন।

সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) SUDA -র নির্দেশনামা SUDA-12017(18)/1/2021/2820, DT. 25.04.25 অনুযায়ী Interview Board এর সুপারিশের ভিত্তিতে পুরসভার স্বাস্থ্য দপ্তরে Health Officer (HO) পদে Sandip Kirtania, S/O Ashutosh Kirtania কে নিয়োগ করা সহ ২ জনের Waiting List তৈরী করার সিদ্ধান্ত গৃহীত হল। উক্ত সিদ্ধান্ত অনুমোদনের জন্য Director SUDA কে জানানোর সিদ্ধান্তও গৃহীত হল।

## Waiting List

| Sl. No. | Name | Father's Name |
|---|---|---|
| 1 | Suhrith Shubha Roy | Tinku Roy |
| 2 | Ujjal Dey | Mohan Lal Dey |

(২) SUDA -র নির্দেশনামা SUDA-12017(99)/22/2024/4790, DT. 25.06.24 অনুযায়ী Interview Board এর সুপারিশের ভিত্তিতে পুরসভার স্বাস্থ্য দপ্তরে Specialist Medical Officer পদে Samir Kumar Kanjilal, S/O Shyama Sarkar Kanjilal এবং Archak Roy, S/O Subrata Roy কে নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হল। উক্ত সিদ্ধান্ত অনুমোদনের জন্য Director, SUDA কে জানানোর সিদ্ধান্তও গৃহীত হল।

(৩) SUDA -র নির্দেশানুযায়ী ডেঙ্গু প্রতিরোধে পৌরএলাকার সকল সরকারী প্রতিষ্ঠান পরিষ্কারের কাজ আগামী ১লা জুলাই ২০২৫ হতে শুরু হবে।

(৫) নামজারিকরণের অনুমোদনঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী ৫৭৪টি নামজারিকরণের আবেদন পত্র অনুমোদিত হল।

(৬) বিবিধঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) পৌরসভায় Mate পদে কর্মরত বন্দনা সরকারকে Gradation List এর ভিত্তিতে Clerk cum Typist পদে পদোন্নতির জন্য DLB কে পৌরবোর্ডের পক্ষ থেকে যে সুপারিশ করা হয়েছিল তা গত ১২.০৬.২০২৫ তারিখে বন্দনা সরকার পরলোক গমন করায় উক্ত পদে পৌরসভায় Mate পদে কর্মরত মিতা দাশগুপ্ত দে -র নাম DLB তে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হল।

(২) ২০২৫ সালের মাধ্যমিক / উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ন কৃতী ছাত্রছাত্রীদের (CBSE, ISC,ICSE সহ) সম্বর্ধনা সহ রবীন্দ্র নজরুল সন্ধ্যা পৌরসভার উদ্যোগে অনুষ্ঠিত হবে। সমগ্র ব্যয় পৌরতহবিল হতে করা হবে।

(৩) ভারত সেবাশ্রম সংঘ অনুমোদিত মধ্যমগ্রাম হিন্দু মিলন মন্দিরের সভাপতি ও সম্পাদকের গত ০৬.০৩.২০২৫ তারিখের আবেদন অনুযায়ী "মধ্যমগ্রাম মেইন রোডের" নাম "স্বামী প্রনবানন্দ সরনী" করার সিদ্ধান্ত গৃহীত হল। বিষয়টি স্থানীয় কাউন্সিলর, প্রশাসন, স্থানীয় ব্যাঙ্ক, পোষ্ট অফিস, মহকুমা শাসক, জেলাশাসকের দপ্তরে জানানোর সিদ্ধান্ত গৃহীত হল।

(৪) NULM দপ্তরে কর্মরত নিম্নলিখিত কর্মীদের প্রতিমাসে পৌরসভার পক্ষ হতে যে অতিরিক্ত পারিশ্রমিক দেওয়া হতো তা জুলাই ২০২৫ হতে বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হল।

| Sl. No. | Name | Designation |
|---|---|---|
| (1) | Aparajita Nandi | APO |
| (2) | Rekha Mondal | Community Organiser |
| (3) | Kakali Nandi (Bose) | DEO cum DA |
| (4) | Arpita Roy | Community Organiser |

(৫) পৌরসভার পরিচালনায় দীঘার হোটেল প্রিয়ানশে হলিডে হোমের জন্য যে ৬টি শীততাপ নিয়ন্ত্রিত ঘর নেওয়া হয়েছে তার প্রতিদিনের রেট ঘরপ্রতি ১০০০.০০ টাকা প্রতিদিন নির্দ্ধারণ করা হল। পৌরকর্মী ও পৌরপ্রশাসনের সাথে যুক্তদের জন্য ঘরপ্রতি ৯০০.০০ টাকা প্রতিদিন নির্দ্ধারিত হল।

(৬) নিম্নলিখিত Work Order টি তহবিলসহ অনুমোদিত হলঃ-

MM/3827/Vehicle/05/25-26, dt. 23/06/25, Amount : Rs. 154630.00

Fund : Municipal Fund

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

কার্য্যবিবরনী

মাননীয় / মাননীয়া

শ্রী / শ্রীমতী ______________________________

কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________

এর নিকট প্রেরিত হল।

মধ্যমগ্রাম পৌরসভা
উত্তর ২৪পরগনা
মধ্যমগ্রাম

ধন্যবাদান্তে,

পৌরপ্রধান

মধ্যমগ্রাম পৌরসভা

Executive Officer
Madhyamgram Municipality
North 24 Parganas